



বৃহস্পতিবার জাবি ভিসির পদত্যাগ দাবিতে ক্যাম্পাসে শিক্ষক সমাজের মিছিল

জাবি ভিসির পদত্যাগের দাবিতে শিক্ষকদের কর্মসূচি চলছেই

জাবি প্রতিনিধি
আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ভিসির পদত্যাগের দাবিতে ক্যাম্পাসে মিছিল, সমাবেশ ও প্রশাসনিক ভবনে সহ বিভিন্ন অনুষ্ঠান উত্তোলন করেছেন শিক্ষক সমাজের ব্যানারে আন্দোলনরত শিক্ষকরা। বৃহস্পতিবার বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের নতুন

কলাভবনের সামনে থেকে মিছিল বের করেন শিক্ষকরা। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের দাখনে এসে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত হয় সমাবেশ। সমাবেশে বক্তব্য দেন সমাজ কর্মীদের আঞ্চলিক অধ্যাপক নাসিম আখতার হোসাইন, অধ্যাপক এমএ মতিন, অধ্যাপক এটিএম আতিকুর রহমান, অধ্যাপক কামরুল আহসান টিটু, নাসউদ ইমরান প্রমুখ। সমাবেশে আন্দোলনের সমস্ত কর্মীদের আঞ্চলিক অধ্যাপক নাসিম আখতার হোসাইন বলেন, বর্তমান প্রশাসনের অন্যায়, দুর্নীতি ও অনিয়ম রোধে অনিবার্হিত ও অগণতান্ত্রিক ভিসির পতনের কোন বিকল্প নেই। আর সেই লক্ষ্যেই শিক্ষক সমাজের ব্যানারে বিভিন্ন বিভাগের শিক্ষকরা আন্দোলন করছেন। এ সময় আন্দোলনরত শিক্ষকরা প্রশাসনিক ভবনে সহ বিভিন্ন অনুষ্ঠান উত্তোলন করেছেন। কর্মসূচির মধ্যে রয়েছে আগামীকাল পানি ও পরদিন রোববার রয়েছে ভিসির কার্যালয় অবরোধ এবং মঙ্গল ও বুধবার সর্বাত্মক ধর্মঘট। এই সময়ের মধ্যে ভিসি পদত্যাগ না করলে ৩১ মার্চ শনিবার আয়তন অনুশন ও সাধারণ সভার মধ্য দিয়ে পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানান শিক্ষক সমাজের ব্যানারের শিক্ষকরা।
বিধ পানি বিবল : আন্তর্জাতিক পানি দিবস পালন করেছে পরিবেশ বিজ্ঞান বিভাগের ৩৯তম ব্যাচের শিক্ষার্থীদের স্বেচ্ছাসেবী সংগঠন 'চেষ্টা'। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের পুরাতন কলা ভবন থেকে একটি শোভাযাত্রা ক্যাম্পাস প্রদক্ষিণ করে অমর একুশের পাদদেশে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত হয় সমাবেশ। সমাবেশে বক্তারা পানির অপব্যবহার রোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানান এবং পানিদূষণের উদ্ভাবন রোধে সংগঠনের পক্ষ থেকে আগামীতে বিভিন্ন কর্মসূচি পালনের ঘোষণা দেন।